

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৩৯৫৫(আগরতলা ২।১২)
শান্তিরবাজার, ২ ডিসেম্বর, ২০২৩

বিকশিত ভারত সংকল্প যাত্রা

শান্তিরবাজার পুর পরিষদ ভিত্তিক সুশাসন শিবির

বিকশিত ভারত সংকল্প যাত্রায় গতকাল শান্তিরবাজার পুর পরিষদ কার্যালয়ে সুশাসন শিবির অনুষ্ঠিত হয়। শিবিরে শান্তিরবাজার মহকুমা প্রশাসনের পক্ষ থেকে ৭০টি পিআরটিসি, ২০টি এসসি, ১০টি ওবিসি, ৩টি এসটি এবং ২২টি ম্যারেজ সার্টিফিকেট পাওয়ার আবেদনপত্র গ্রহণ করা হয়। শিবিরে ৫ জনকে কনিজাল, ৪ জনকে মাছের ঔষধ, ১ জন মৎস্য ব্যবসায়ীকে আইসবক্স দেওয়া হয়। পানীয়জল ও স্বাস্থ্য বিধান দপ্তর থেকে ৩৩টি বাড়িতে পানীয়জলের সংযোগ এবং বিদ্যুৎ দপ্তর থেকে দুটি পরিবারকে বিদ্যুৎ সংযোগ দেওয়ার আবেদনপত্র গ্রহণ করা হয়। এছাড়াও শিবিরে ৬ জনকে ই-শ্রম কার্ড, ১ জনকে কিষাণ ক্রেডিট কার্ড দেওয়া হয়েছে। স্বাস্থ্য দপ্তর থেকে ২৯ জনের স্বাস্থ্য পরীক্ষা করে বিনামূল্যে ঔষধ দেওয়া হয়। শিবির উপস্থিত ছিলেন শান্তিরবাজার পুর পরিষদের চেয়ারপার্সন স্বপ্না বৈদ্য, ভাইস চেয়ারপার্সন সত্যব্রত সাহা, শান্তিরবাজার মহকুমার মহকুমা শাসক অভেদানন্দ বৈদ্য প্রমুখ।
